চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২৬ এপ্রিল ২০১৮ খ্রি.

ঐক্যবদ্ধ শক্তির কাছে অপশক্তি পরাজিত হতে বাধ্য জাতীয় শ্রমিকলীগ চট্টগ্রাম মহানগর, বিভিন্ন অঞ্চল, জাতীয় ও বেসিক ইউনিয়ন নেতৃবৃন্দের সভায় মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দীন বলেছেন, পবিত্র ঈদুল আযহা'র পর সুবিধামত সময়ে জাতীয় শ্রমিকলীগের পরামর্শক্রমে চট্টগ্রাম মহানগর ও বিভিন্ন অঞ্চলের শ্রমিকলীগের সম্মেলন অনুষ্ঠিত হবে। তিনি সকল ধরনের ভেদাভেদ ভুলে ঐক্যবদ্ধভাবে শ্রমিকদের স্বার্থে দায়িত্ব পালন করার আহবান জানান। মেয়র বলেন, মে দিবস উপলক্ষে লালদীঘি ময়দানে শ্রমিক শ্রেনীর বিশাল সমাবেশ অনুষ্ঠিত হবে। সে সমাবেশে জননেত্রী শেখ হাসিনার সরকারের সাফল্যসমূহ এবং শ্রমজীবি মানুষের জন্য সরকারের গৃহিত কল্যাণধর্মী কার্যক্রম তুলে ধরা হবে। তিনি সকলকে মে দিবসের শ্রমিক সমাবেশে যোগদান করার আহবান জানান। আ জ ম নাছির উদ্দীন আরো বলেন, মত পার্থক্য ও মতভেদ যাই থাকুক না কেন সকলকে বঙ্গবন্ধুর আদর্শে ঐক্যবদ্ধ থাকতে হবে। ঐক্যবদ্ধ শক্তির কাছে অপশক্তি পরাজিত হতে বাধ্য। তিনি শ্রমিক শ্রেনীর ঐক্য কামনা করে বলেন, সকলে ঐক্যবদ্ধ থাকলে ন্যায় সঙ্গত দাবী আদায় করা সহজ হবে। তিনি চট্টগ্রাম মহানগর এলাকাধীন ৪১ টি ওয়ার্ডে জাতীয় শ্রমিকলীগের গঠনতন্ত্র মোতাবেক কমিটি গড়ে তোলার পরামর্শ দেন। ২৬ এপ্রিল ২০১৮ খ্রি. বৃহষ্পতিবার, দুপুরে জাতীয় শ্রমিকলীগ চট্টগ্রাম মহানগর, বিভিন্ন অঞ্চল, জাতীয় ও বেসিক ইউনিয়ন নেতৃবৃন্দের সভায় তিনি এসব কথা বলেন। জাতীয় শ্রমিকলীগ চট্টগ্রাম মহানগর শাখার সভাপতি বখতেয়ার উদ্দিন খানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় জাতীয় শ্রমিকলীগ কেন্দ্রীয় কমিটির যুগ্ম সাধারন সম্পাদক সফর আলী,চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের শ্রম সম্পাদক আবদুল আহাদ,চট্টগ্রাম মহানগর শ্রমিকলীগের সাধারন সম্পাদক মাহবুবুল আলম এটলি,পাহাড়তলী অঞ্চলের সভাপতি সফি বাঙালি, দক্ষিণ জেলা জাতীয় শ্রমিকলীগের সভাপতি নুরুল হাকিম, উত্তর জেলা জাতীয় শ্রমিকলীগের সাধারন সম্পাদক এডভোকেট শামীম সহ পতেঙ্গা অঞ্জলের সভাপতি মো. ইউনুস সহ পতেঙ্গা,কালুরঘাট,পাহাড়তলী,নাছিরাবাদ ও আমিন শিল্পএলাকাধীন সভাপতি, সাধারন সম্পাদক জাতীয় ও বেসিক ইউনিয়ন সমূহের সভাপতি এবং সাধারন সম্পাদকবৃন্দ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ২৬ এপ্রিল ২০১৮ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশন বৌদ্ধ পেশাজীবি পরিষদের শুভ বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে সিটি মেয়র

চট্টগাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, বুদ্ধের বাণী মৈত্রী ও সম্প্রিতির। মানুষে মানুষে সাম্য প্রতিষ্ঠায়, ধর্মে ধর্মে, জাতিতে জাতিতে, সৌহার্দ্য প্রতিষ্ঠায় বুদ্ধের বাণী যুগ যুগ ধরে অবদান রেখে যাচ্ছে। মেয়র বলেন, হিংসা,লোভ, কামনা ও পরনিন্দা সমাজে ও পরিবারে অশান্তি আনে। বুদ্ধ এ ধরনের কাজ পরিহার করার শিক্ষা দিয়েছেন। তিনি বলেন, মানুষে মানুষে, জাতিতে জাতিতে, ধর্মে ধর্মে সৃষ্ট ব্যবধান, পাশবিকতা, হিংসা, বিদ্বেষ, সন্ত্রাস ও ব্যাবিচার থেকে মুক্তির জন্য বুদ্ধের সাম্য, মৈত্রী ও করুনার বাণী ধারন করে মানুষকে, মানবতাকে ভালবাসার আহবান জানান মেয়র।বৌদ্ধ ধর্মাবলম্বী সম্প্রদায়ের প্রধান ধর্মীয় উৎসব শুভ বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে মহামতি গৌতম বুদ্ধের জন্ম, বুদ্ধত্ব লাভ ও মহাপরিনির্বাণ লাভের স্মৃতি বিজড়িত দিনটি স্মরনে চট্টগ্রাম সিটি কর্পোরেশন বুদ্ধ পূর্ণিমা উদযাপন পরিষদ -২০১৮ এর আয়োজনে ২৬ এপ্রিল ২০১৮খ্রি.বৃহস্পতিবার, চসিক কেবি আবদুচ ছত্তার মিলনায়তনে চট্টগ্রাম সিটি কর্পোরেশন বৌদ্ধ পেশাজীবি পরিষদের শুভ বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে মেয়র এ আহবান জানান। বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা ড. মুহম্মদ মুস্তাফিজুর রহমান, চট্টগ্রাম সিটি কর্পোরেশন বৌদ্ধ পেশাজীবি পরিষদ এর সভাপতি ডা. প্রীতি বড়–য়ার সভাপতিত্বে অনুষ্ঠিত শুভেচ্ছা বিনিময় সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশন বৌদ্ধ পেশাজীবি পরিষদের সাধারন সম্পাদক প্রকৌশলী জয়সেন বড়–য়া, সহ সভাপতি প্রকৌশলী অসীম বড়–য়া, চট্টগ্রাম সিটি কর্পোরেশন বুদ্ধ পূণিমা উদযাপন পরিষদ-২০১৮ এর সভাপতি সমিরন কান্তি বড়য়া, সাধারন সম্পাদক প্রভাষক সুজন বড়ুয়া, অনুপম বড়–য়া অপু, সুমেধ তাপস বড়–য়া,বিভাষ বড়–য়া, ডা. বিপ্লব বড়–য়া, দোলন বড়–য়া সহ অন্যরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শুরুতে মঙ্গলাচরণ পাঠ করেন ভদন্ত এম বোধিমিত্র থের।

চট্টগ্রাম- ২৬ এপ্রিল ২০১৮ খ্রি.

সিটি মেয়রের সাথে থাইল্যান্ডের রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের সাথে ২৬ এপ্রিল ২০১৮ খ্রি. সকালে নগরভবনে মেয়র দপ্তরে থাইল্যান্ডের রাষ্ট্রদূত Miss Panpimon Suwannapongse সাক্ষাত করেন। সাক্ষাতে তিনি বিন্না ঘাস প্রকল্প ও Vetiver Centerবাস্তবায়ন বিষয়ে আলোচনা করেন। থাইল্যান্ডের রাজকন্যা বাংলাদেশে আগমন এবং চট্টগ্রামের বিভিন্ন পাহাড় পরিদর্শনের বিষয়ে কর্মপরিকল্পনা চূড়ান্তকরণ ও বিভিন্ন প্রস্তাবনার উপর আলোচনা হয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র রাজকন্যা আগমন উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশন সকল ধরনের সহযোগিতা প্রদানে প্রস্তুত বলে রাষ্ট্রদূতকে অবহিত করেন। তিনি বলেন, বিশেষজ্ঞদের পরামর্শ অনুযায়ী চট্টগ্রাম সিটি কর্পোরেশন টাইগার পাস মেয়র বাংলো

হিল, জিইসির বর্মা হিল, ফয়’স লেক সিটি হিল, ফয়’স লেক বঙ্গবন্ধু হিল, আকবরশাহ হিল সমূহে (Vetiver Center) বিন্না ঘাস পাইলট প্রকল্প এবং Vetiver Centerস্থাপন প্রকল্প বাস্তবায়নে বুয়েটের প্রফেসর ড. শরিফুল ইসলাম কাজ করছেন। তার সাথে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমেদ, প্রধান পরিকল্পনাবিদ এ কে এম রেজাউল করিম সহ সংশ্লিষ্টরাও দায়িত্বে থাকবেন। উল্লেখ্য যে, থাইল্যান্ডের রাজকন্যা মে মাসের শেষ সময়ে চট্টগ্রামে এসে Vetiver Center উদ্বোধন করার কথা রয়েছে। সাক্ষাত বৈঠকে বুয়েটের প্রফেসর ড. শরিফুল ইসলাম, ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান, প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমেদ, স্থপতি এ কে এম রেজাউল করিম সহ রাষ্ট্রদূতের সফর সঙ্গীরা উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ২৬ এপ্রিল ২০১৮ খ্রি.

উত্তর কাট্টলী ওয়ার্ডে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্তদের নগর অর্থ ও চাল দিলেন মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও উত্তর কাট্টলী ওয়ার্ডের কাউন্সিলর ও প্যানেল মেয়র নিছার উদ্দিন আহমেদ মঞ্জুর উদ্যোগে সিটি গেটস্থ আক্কেল আলী মুন্সির বাড়ি ও আহমদুর রহমানের বাড়িতে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত ১১৪ পরিবারের মাঝে চাল বিতরণ ও নগদ অর্থসাহায্য করা হয়েছে। গত বুধবার, সন্ধ্যায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন ক্ষতিগ্রস্ত প্রত্যেক পরিবারের সদস্যদের মাঝে ২ হাজার টাকা করে মোট ২ লাখ ২৮ হাজার নগদ টাকা ও ৩০ কেজি করে মোট ৮ মন চাল বিতরণ করেন।
এ সময় মেয়র ক্ষতিগ্রস্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানিয়ে বলেন, শুস্ক মৌসুমে অগ্রিকাণ্ড ও কালবৈশাখীর মত দুর্যোগ বেশি ঘটে। তাই এই সময় ধৈর্য না হারিয়ে সাহস ও বুদ্ধিমত্তার সাথে বিপদকে মোকাবেলা করতে হবে। তিনি নগরবাসীকে অগ্নিকাণ্ডের মত ঘটনা এড়াতে সাবধানতা অবলম্বন করতে বলেন। সে সময় স্থানীয় কাউন্সিলর ও প্যানেল মেয়র নিছার উদ্দিন আহমেদ মঞ্জু, স্থানীয় রাজনীতি সুলতান আহমেদ চৌধুরী, কাজী আলতাফ হোসেন, ইকবাল চৌধুরী, আবুল কালাম, এস এম আবুল খায়ের, ফজলুর রহমান, লোকমান আলী প্রমুখ উপস্থিত ছিলেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন